

PLSG. Sem 2 Course 2.2.

Apurba mohan Mukhopadhyay.

Associate Professor.

সংসদীয় শাসন ব্যবস্থা। : সংসদীয় রাজনৈতিক ব্যবস্থা হলো এমন একটি ব্যবস্থা যেখানে আইন ও শাসন বিভাগের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান এবং শাসন বিভাগের স্বায়িত্ব আইন বিভাগের উপর নির্ভরশীল। এই ব্যবস্থাকে মন্ত্রিপরিষদ চালিত শাসন ব্যবস্থাও বলা হয়। যুক্তরাজ্য হলো এর শ্রেষ্ঠ উদাহরণ। যুক্তরাজ্যকে সংসদীয় ব্যবস্থার মাতৃভূমি বলা হয়। যুক্তরাজ্য ছাড়া ভারত, জাপান, জার্মানি প্রভৃতি দেশে এইরূপ ব্যবস্থা দেখা যায়। বৈশিষ্ট্য : ১) এইরূপ ব্যবস্থায় একজন নিয়মতান্ত্রিক শাসক থাকেন। তৎস্বভাবের সরকারের যাবতীয় ক্ষমতা তাঁর হাতে ন্যস্ত থাকে। বাস্তবে তিনি কোনো কার্যসম্পাদন করেন না। ২) এখানে ক্ষমতা পৃথকীকরণ দেখা যায় না। আইন ও শাসন বিভাগ অতি ঘনিষ্ঠভাবে যুক্ত থাকে। ৩) এই ব্যবস্থায় মন্ত্রিসভা গঠনে আইনসভার নিম্নকক্ষ গুরুত্ব পূর্ণ ভূমিকা পালন করে। আইনসভার নিম্নকক্ষে যে দল বা মোর্চা সংখ্যা গরিষ্ঠতা লাভ করে সেই দল সরকার গঠন করে। সেই দলের নেতা বা নেত্রী প্রধানমন্ত্রী রূপে নিযুক্ত হন। ৪) এই ব্যবস্থায় মন্ত্রিসভা সরকারী নীতি ও কার্যাবলীর জন্য আইনসভার নিম্নকক্ষের নিকট দায়িত্বশীল থাকে। প্রত্যেক মন্ত্রী ব্যক্তিগতভাবে তাঁর দপ্তরের কাজের জন্য আইনসভার নিকট জবাবদিহি করতে বাধ্য থাকে। আবার সরকারের নীতির জন্য সামগ্রিক ভাবে আইনসভার নিম্নকক্ষের নিকট দায়বদ্ধ থাকে। ৫) এই ব্যবস্থায় প্রধানমন্ত্রী প্রকৃত শাসক। তাঁকে ঘিরে মন্ত্রিসভা আবর্তিত হয়। ৬) শক্তিশালী ও সুসংগঠিত বিরোধী দলের অবস্থিতি এই ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।